

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯০৫/ ৫৭৭

তারিখঃ ১৮ জুলাই ২০১৭

প্রেরক : মোহাম্মদ নাজমুল হক
পরিচালক (সংস্থাপন, নীতি ও সংগঠন)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


প্রাপক : জনাব নাসির উদদীন
সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : **Fulbright Scholarship** এর আওতায় যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যে অবস্থিত **Old Dominion University**-তে ০২ (দুই) বছর মেয়াদি “**Master of Arts in International Studies**” শীর্ষক কোর্সে অংশগ্রহণের নিমিত্ত প্রেষণ মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে Fulbright Scholarship এর আওতায় যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যে অবস্থিত Old Dominion University-তে ০২ (দুই) বছর ব্যাপী “**Master of Arts in International Studies**” শীর্ষক কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আপনার অনুকূলে আগামী ২৩ জুলাই ২০১৭ হতে ১৯ আগস্ট ২০১৯ তারিখ বা কোর্স সমাপ্তি পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত প্রেষণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণের সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে এবং আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
 - খ) বিমান ভাড়া সহ যাবতীয় ব্যয় যুক্তরাষ্ট্র সরকার বহন করবে।
 - গ) বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
 - ঘ) উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর লব্ধ উচ্চ শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ পদে আপনাকে পদায়িত করা হবে এবং অন্যান্য দুই বছর আপনাকে সে পদে স্থিত রাখা হবে।
 - ঙ) উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে দেড় বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
 - চ) উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে ফিরে আপনি মন্ত্রণালয়ে যোগদানের পর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
 - ছ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ২২ জুলাই ২০১৭ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং ১৯ আগস্ট ২০১৯ তারিখ বা নিকটবর্তী সময়ে কোর্স সমাপনান্তে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রেষণ আদেশ জারি করা হলো।


১৮/০৭/২০১৭

(মোহাম্মদ নাজমুল হক)

পরিচালক (সংস্থাপন, নীতি ও সংগঠন)

ই-মেইলঃ dirper@mofa.gov.bd


ফোনঃ ৯৫৫৫২৪২

নং- এডি-পিএন্ডও-৯০৫

তারিখঃ ১৮ জুলাই ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/এসএসএ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


১৮/০৭/২০১৭

(মোহাম্মদ নাজমুল হক)

পরিচালক (সংস্থাপন, নীতি ও সংগঠন)